# Cosarin®

## Diacerein BP + Glucosamine Sulphate

**Description: Cosarin®** is the combination of Diacerein and Glucosamine Sulfate. Diacerein is an anti-inflammatory agent & Glucosamine is an amino-monosaccharide. The combination used to treat osteoarthritis.

**Mode of action:** Diacerein has analgesic and anti-inflammatory activity. It inhibits interleukin-1 synthesis and reduces finger joint and knee osteoarthritis.
Glucosamine stimulates formation of collagen which is the protein portion of bone joints. Collagen is the main component of the shock absorbing cushion i.e articular cartilage.

**Pharmacokinetics:** Oral bioavailability of Diacerein and Glucosamine is 56% and 26%. Food increases absorption & delays $T_{max}$. Therefore, Diacerein is best given with food. Diacerein mainly binds with plasma albumin. Glucosamine is not protein-bound but slightly binds with globulins. Synovial fluid concentration of Diacerein is 0.3 to 3.0 mg/L. Diacerein and Glucosamine predominantly metabolized by liver and excreted through urine.

**Composition: Cosarin® Tablet:** Each film coated tablet contains Diacerein BP 50 mg and Glucosamine Sulfate Potassium Chloride USP 995.025 mg equivalent to Glucosamine Sulfate 750 mg.

**Indications: Cosarin®** is indicated for the treatment of osteoarthritis, rheumatoid arthritis, chronic low back pain.

**Dosage & administration:** Adult: One tablet twice a day for 4 to 12 weeks.

**Contraindications:** Patients with hypersensitivity to Diacerein or Glucosamine should avoid this medication.

**Side effects:** No serious adverse effect has been reported. Diarrhea, epigastric pain, nausea, vomiting, intense yellow coloring of urine may be occurred.

**Use in pregnancy & lactation: Cosarin®** is contraindicated during pregnancy and breastfeeding.

**Precautions:** Patients with renal impairment should monitor complete blood count, Liver function tests and urinalysis every 6 months.

**Drug interactions:** Concomitant use with antacids decrease the absorption of **Cosarin®** and increases risk of diarrhea if taken with laxatives and antibiotics.

**Over dosage:** Diarrhea may be occurred.

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 25˚C temperature and protected from light.

**Packaging: Cosarin® Tablet:** Each carton contains 6X5 tablets in blister pack.

# কোসারিন®

## ডায়াসেরিন বিপি + গ্লুকোসামিন সালফেট

**বিবরণ: কোসারিন®** ট্যাবলেট হলো ডায়াসেরিন ও গ্লুকোসামিনের সংমিশ্রণ। ডায়াসেরিন একটি প্রদাহ বিরোধী এবং গ্লুকোসামিন একটি অ্যামিনো-মোনোস্যাকারাইড যা বাতের ব্যথা ও হাড়ের ক্ষয় জনিত রোগ নিরাময়ের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

**কার্যপদ্ধতি:** ডায়াসেরিন একটি প্রদাহ বিরোধী ওষুধ। এটি ইন্টারলিউকিন-১ এর উৎপাদন বন্ধ করার মাধ্যমে দুই হাড়ের সংযোগস্থানের ক্ষয়জনিত প্রদাহ কমায়। গ্লুকোসামিন কোলাজেনের উৎপাদন বৃদ্ধি করে যার মাধ্যমে দুই হাড়ের সংযোগস্থানের কার্টিলেজ এর ক্ষয় রোধ হয়।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স):** খাওয়ার পর ক্ষুদ্রান্ত হতে ডায়াসেরিন ৫৬% এবং গ্লুকোসামিন ২৬% শোষিত হয়। পাকস্থলীতে খাদ্যের উপস্থিতি ডায়াসেরিনের শোষণ ২৫% বাড়িয়ে দেয় পাশাপাশি প্লাজমায় সর্বোচ্চ ঘনত্বে পৌছানোর সময় ২.৪ ঘন্টা থেকে ৫.২ ঘন্টা বৃদ্ধি করে। তারপরও ডায়াসেরিন খাদ্যের সাথে প্রয়োগ করলে ভালো ফল পাওয়া যায়। ৯৯% ডায়াসেরিন প্লাজমা এলবুমিন-এর সাথে যুক্ত হলেও খুব কম মাত্রায় গ্লুকোসামিন প্লাজমা গ্লোবিউলিন এর সাথে যুক্ত হয়। সাইনোভিয়াল দ্রবণে ডায়াসেরিনের ঘনত্ব ০.৩ থেকে ৩.০ মিগ্রা/লিটার পাওয়া যায়। ডায়াসেরিন এবং গ্লুকোসামিন মূলত যকৃত হতে বিপাক হয় এবং মূত্রের মাধ্যমে শরীর হতে নির্গত হয়।

**উপাদান: কোসারিন® ট্যাবলেট:** প্রতি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ডায়াসেরিন বিপি ৫০ মিগ্রা এবং গ্লুকোসামিন সালফেট ৭৫০ মিগ্রা যা গ্লুকোসামিন সালফেট পটাসিয়াম ক্লোরাইড ইউএসপি ৯৯৫.০২৫ মিগ্রা এর সমতুল্য।

**নির্দেশনা:** দুই হাড়ের সংযোগস্থানের ক্ষয় জনিত ব্যথা এবং দীর্ঘস্থায়ী কোমরের ব্যথায় **কোসারিন®** নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগ:** *প্রাপ্ত বয়স্ক:* একটি করে ট্যাবলেট দিনে দুই বার ৪-১২ সপ্তাহ পর্যন্ত।

**বিরুদ্ধ ব্যবহার** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না):* ডায়াসেরিন এবং গ্লুকোসামিন এর প্রতি অতি সংবেদনশীলতায় এর ব্যবহার নিষিদ্ধ।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** কোন গুরুতর প্রভাব এর বিবরণ পাওয়া যায়নি। তবে পাকস্থলী ও অন্ত্রের কিছু সমস্যা যেমন- বমি অথবা বমি-বমি ভাব, ডায়রিয়া, অন্ত্রে ব্যথা এবং মূত্রের রং হলুদ হতে পারে।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে নির্দেশিত নয়।

**সতর্কতা:** বৃক্কের জটিলতার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং এক্ষেত্রে প্রতি ৬ মাস পরপর মূত্র এবং যকৃত পরীক্ষা করাতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** এন্টাসিডের সাথে প্রয়োগের ফলে **কোসারিন®** এর শোষণ কমে যায় এবং এন্টিবায়োটিকের সাথে প্রয়োগের ফলে ডায়রিয়া হতে পারে।

**মাত্রাধিক্য:** ডায়রিয়া হতে পারে।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫˚সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা: কোসারিন® ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে আছে ৬×৫ ট্যাবলেট।

439-02

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.